৬/৮/২০০৩

দৈনিক ইনকিলাব

দৈনিক ইনকিলাব

তারিখ ........................
পৃঃ ৭ কলাম ৫.....

প্রশ্নপত্র ফাঁস

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স পরীক্ষা স্থগিত

**স্টাফ রিপোর্টার ঃ** প্রশ্নপত্র ফাঁসের কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিষয়ের অনার্স পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। আগামী ৪ আগষ্ট থেকে এই পরীক্ষা অনুষ্ঠানের কথা ছিল। কিন্তু গতকাল দৈনিক ইনকিলাবে ইতিহাস অনার্সের ৬টি পত্রের প্রশ্নপত্র ফাঁসের খবর প্রকাশিত হলে কর্তৃপক্ষ ২ সদস্যের তদন্ত কমিটি গঠন করেন। কমিটি সন্ধ্যায় বিজি প্রেসে গিয়ে প্রশ্নপত্রের প্যাকেট খুলে ফাঁস হওয়া প্রশ্নের সাথে এর হুবহু মিল খুঁজে পান। পরে ভিসি ঐ পরীক্ষা স্থগিতের নির্দেশ দিয়ে আগের পরীক্ষা কমিটি বাতিল করেন এবং নতুন পরীক্ষা কমিটি গঠন করে নতুনভাবে প্রশ্নপত্র প্রণয়নের মাধ্যমে পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়। দৈনিক ইনকিলাবে প্রকাশিত প্রশ্নপত্র ফাঁসের খবরটি নিয়ে গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের বৈঠকে তুমুল বাকবিতণ্ডা হয়। কারণ, সাম্প্রতিকালে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রশ্নপত্র ফাঁসের এ ধরনের ঘটনা আর ঘটেনি। বৈঠকে উপস্থিত কয়েকজন সদস্য প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় পরীক্ষা নিয়ন্ত্রক বিনা রতন বড় য়া ও উপ-পরীক্ষা নিয়ন্ত্রক অমল সেনকে দায়ী করলেও ভিসি দুর্গাদাস ভট্টাচার্য্য বলেন, এর সাথে বিজি প্রেসের কর্মকর্তা-কর্মচারী, প্রশ্নপত্র প্রণেতা বা মডারেটর জড়িত থাকতে পারে।